দৈনিক ইনকিলাব

তারিখ MAY 27 1999
পৃষ্ঠা ০৫ কলাম ৪

513




ছবি: ইনকিলাব ঃ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদল ঘোষিত ১২ দফা মেনে নেবার দাবীতে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা একটি মিছিল বের করে

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের সমাবেশে এক দফার আন্দোলনের প্রস্তুতি গ্রহণের আহবান

প্রেস বিজ্ঞপ্তি ঃ জাতীয়তাবাদী ছাত্রদল ১২ দফা দাবী আদায়ের জন্য গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশের আয়োজন করে। সমাবেশে ছাত্রদল সভাপতি হাবিব-উন নবী সোহেল বলেন, ছাত্রসমাজের ১২ দফা দুঃশাসনের বুকে আঘাত হেনে ক্ষমতার দুর্গে কাঁপন ধরিয়ে দিয়েছে বলেই গণআন্দোলনের জোয়ার এসেছে; সরকার পতন এখন সময়ের ব্যাপার মাত্র। তিনি বলেন, ছাত্রসমাজের ১২ দফা, ছাত্র-ছাত্রীদের প্রাণের দফায় পরিণত হয়েছে। বই-খাতা, কাগজ-কলমসহ ছাত্র বেতনের মূল্য কমানো, বর্ধিত পরিবহন ফি বাতিল, জাতীয় বাজেটে শিক্ষাখাতকে অগ্রাধিকার, লোডশেডিংয়ের যন্ত্রণা থেকে ছাত্র-ছাত্রীদের মুক্তি দাবী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ধর্ষণকারীদের গ্রেফতার ও বিচার, ডাইনিং ক্যান্টিনে সাবসিডি, শিক্ষার আধুনিকায়ন, বিশ্ববিদ্যালয়সহ দেশের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান পদকে আওয়ামী বলয় মুক্তকরণ, ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে প্রতিষ্ঠাতা, জিয়ার, নাম মুছে ফেলার ষড়যন্ত্র প্রতিহতকরণ, সকল হত্যাকাণ্ডের বিচার, গ্রেফতারকৃত নেতা-কর্মীদের মুক্তিদান, পঙ্গু ও আহতদের ক্ষতিপূরণ দান, মিথ্যা মামলা প্রত্যাহারসহ ১২ দফা দাবী আদায়ের জন্য ঢাঃ বিঃ ছাত্রদল এ সমাবেশের আয়োজন করে।

মনির হোসেন-এর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন ছাত্রদল সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ পিন্টু, মঞ্জুর-ই-এলাহী, মনোয়ার হোসেন রানা, হেলেন জেরীন খান, এবিএম মোশাররফ হোসেন, রুহুল আমীন আকিল, মির নেওয়াজ আলী, আজিজুল হাকিম আরজু, নূরুল ইসলাম খান মাসুদ, আনসার আলী খান জয়, আব্দুল বারী ড্যানী, মুস্তাফিজুল ইসলাম মামুন, নূরুন্নবী চৌধুরী, সামসুজ্জামান মেহেদী, হারুনুর রশিদ, আসাদুজ্জামান আসাদ, কাজী রওনকুল ইসলাম টিপু, হয়দার আলী লেলিন ও এসএম জিলানী প্রমুখ।

ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল বলেন, শেখ হাসিনা স্বৈরাচারী মানসিকতা নিয়ে, বাঘের পিটে চড়ে ছাত্রদলের নেতা-কর্মীদের দমনে সওয়ার হয়েছেন, এজন্য আজ দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে দুর্বার গণআন্দোলন ক্ষমতার দর্পে ছোবল হেনেছে। তিনি বলেন, দেশের জনগণ আওয়ামী লীগকে বিশ্বাস করে না বলেই এই বিষধর সাপের ঘরে বাস করতে চায় না।

SHEETS